**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

# বাংলাদেশ নির্বাচন কমিশন
## নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.২৪-৪৭৮

তারিখ: ২৭ আষাঢ় ১৪৩১ / ১১ জুলাই ২০২৪

**বিষয়: ২৭ জুলাই ২০২৪ তারিখে বগুড়া জেলার বগুড়া সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান পদের নির্বাচন উপলক্ষে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগ।**

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং- ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.২৪-৪৫০, তারিখ: ২৭ জুন ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ২৭ জুলাই ২০২৪ তারিখে বগুড়া জেলা বগুড়া সদর উপজেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে মাননীয় নির্বাচন কমিশন ইতোমধ্যে তফসিল ঘোষণা করেছেন।

২। উল্লিখিত নির্বাচন উপলক্ষে মোবাইল কোর্ট আইন, ২০০৯ এবং প্রাসঙ্গিক আইনের আওতায় আচরণবিধি প্রতিপালন নিশ্চিতকরণ এবং নির্বাচনি অপরাধ রোধ ও আইনশৃঙ্খলা রক্ষার নিমিত্তে বর্ণিত নির্দেশনার আলোকে নিম্নরূপভাবে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

| এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের সংখ্যা | দায়িত্বপ্রাপ্ত এলাকা | দায়িত্ব পালনের সময়সীমা | দায়িত্ব |
|---|---|---|---|
| ০১ জন | বগুড়া সদর উপজেলা | প্রতীক বরাদ্দের তারিখ হতে অর্থাৎ ১১/০৭/২০২৪ হতে ২৯/০৭/২০২৪ পর্যন্ত | আচরণবিধি প্রতিপালন নিশ্চিতকরণের জন্য মোবাইল কোর্ট পরিচালনা |
| প্রতি ইউনিয়ন/ পৌরসভায় ০১ জন | | ভোটগ্রহণের ০২ (দুই)দিন পূর্ব হতে ভোটগ্রহণের ০২ (দুই) দিন পর পর্যন্ত মোট ০৫ (পাঁচ) দিনের জন্য অর্থাৎ ২৫/০৭/২০২৪ তারিখ হতে ২৯/০৭২০২৪ পর্যন্ত | আইনশৃঙ্খলা রক্ষা এবং মোবাইল ও স্ট্রাইকিং ফোর্সের সাথে দায়িত্বপালন |

৩। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলার সহকারী কমিশনার (ভূমি)-কে অগ্রাধিকার দেয়ার জন্য নির্দেশনা দেয়া হয়েছে। সহকারী কমিশনার (ভূমি) পদ শূন্য থাকলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় হতে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। এতদ্ব্যতীত ভোটগ্রহণ উপলক্ষে নির্বাচনি এলাকায় নিয়োজিতব্য মোবাইল/স্ট্রাইকিং ফোর্স বিশেষ করে বিজিবি এর মোবাইল টিমের সাথে ০১ জন করে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগ করা হবে। সে হিসেবে ভোটগ্রহণের দিন ও তার এক দিন আগে-পরে উল্লিখিত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর সংখ্যা বৃদ্ধি করার প্রয়োজন হবে। নির্বাচনকালীন দায়িত্ব পালনের জন্য নিয়োজিত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণের সাথে প্রয়োজনীয় সংখ্যক আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য মোতায়েন করতে হবে। স্থানীয় চাহিদা, ভোটকেন্দ্রের অবস্থান ও ভোটকেন্দ্রের সংখ্যা, ওয়ার্ড বিন্যাস ইত্যাদি বিবেচনায় এবং বাস্তবতার নিরিখে রিটার্নিং অফিসার সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট ও পুলিশ কর্তৃপক্ষের সাথে আলোচনা করে মোবাইল স্ট্রাইকিং ফোর্সের সংখ্যা হ্রাস-বৃদ্ধি করা হলে তদানুযায়ী এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগের প্রয়োজন হতে পারে।

৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিতভাবে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

১১/৭/২০২৪

( মোঃ আতিয়ার রহমান )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: ecsemc2@gmail.com

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

১। জেলা প্রশাসক, বগুড়া

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.২৪-৪৭৮

তারিখ: ২৭ আষাঢ় ১৪৩১ / ১১ জুলাই ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব/সচিব,......................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের চাহিদা অনুসারে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো]
৫. সচিব,......................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৬. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৭. বিভাগীয় কমিশনার, রাজশাহী
৮. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৯. মহাপরিচালক (গ্রেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. প্রকল্প পরিচালক (আইডিইএ প্রকল্প, ২য় পর্যায়), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী।
১৪. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .......................... (সংশ্লিষ্ট)
১৭. পুলিশ সুপার, ............................(সংশ্লিষ্ট)
১৮. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৯. উপসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২০. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার,.............(সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
২১. উপজেলা নির্বাহী অফিসার,.............(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২২. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি,...................... (সংশ্লিষ্ট)
২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২৬. উপজেলা নির্বাচন অফিসার/নির্বাচন অফিসার,.............(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৭. অফিসার-ইন-চার্জ, বগুড়া সদর, বগুড়া।

১১/৭/২০২৪

( মোহাম্মদ শাহজালাল )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২ শাখা
ফোন: ০২-৫৫০০৭৫৫৯ (অফিস)
E-mail: ecsemc2@gmail.com